গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার।

স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন,২০১৭ [ধারা ৭ এর (১) উপ-ধারা দ্রষ্টব্য]

এলএ মামলা নং ০৫/২০২৫-২০২৬

জারির নম্বর ৬৪৩/২৫ তারিখ- ১৭/০৫/২০২৫

প্রাপক, ১। জেলা জজ, কক্সবাজার মহোদয়ের নোটিশ বোর্ড।

যেহেতু নিম্ন তফসিল বর্ণিত ভূমি সম্পত্তি কক্সবাজার জেলার মহেশখালী উপজেলায় "চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন মাতারবাড়ী বন্দর উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)" শীর্ষক প্রকল্পের আওতায় জনপ্রয়োজন ও জনস্বার্থমূলক উদ্দেশ্যে প্রয়োজন, সেহেতু এক্ষুণে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন,২০১৭ (২০১৭ সনের ২১নং আইন) এর ৪ ধারার অধীনে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নোটিশ জারী করা হইল যে, বর্ণিত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণের জন্য প্রস্তাব করা হইয়াছে।

উক্ত সম্পত্তিতে স্বার্থবান যে কোন ব্যক্তি এ নোটিশ জারীর পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে প্রস্তাবিত সম্পত্তির অধিগ্রহণের বিরুদ্ধে নিম্নস্বাক্ষরকারীর নিকট আপত্তি (যদি থাকে) দায়ের করিতে পারেন।

১৪/০৮/২০২৬ খ্রি. তারিখে বা তারিখ হতে তফসিল বর্ণিত সম্পত্তির যৌথ তদন্ত করা হবে। যৌথ তদন্তকালে উক্ত সম্পত্তি মালিক বা স্বার্থবান সংশ্লিষ্ট ব্যক্তিকে উপস্থিত থাকিবার জন্য আনুরোধ করা হলো।

"তফসিল"

জেলা- কক্সবাজার।

| উপজেলার নাম | জেএল ও মৌজার নাম | দিয়ারা খতিয়ান নং | দাগ নং | জমির রেকর্ডীয় শ্রেণি | দাগে মোট জমি পরি: (এ:) | অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমান (এ:) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| মহেশখালী | ০২নং ধলঘাটা | ২ | ৪৭ | বেড়ীবাধ | ৫.৭৫০০ | ০.০৩০৭ | |
| | | ২ | ৪৮ | নয়নজুলী | ৬.৮৬০০ | ০.০৮৭৩ | |
| | | ১, ৫০৫, ৮৭৪, ১০৯৫ | ৯২ | মাঠ | ০.২১০০ | ০.০৯৪৫ | |
| | | ১, ১৪১, ১৫৮, ৬৪৫, ১১৭১, ১৪৬৩ | ৯৩ | মাঠ | ১.২৬০০ | ০.০৬২৬ | |
| | | ১, ২ | ৯৪ | পতিত | ২.৯০০০ | ০.০২৩১ | |
| | | ১, ১৪৬৩ | ৯৬ | মাঠ | ১.৬৬০০ | ০.৩৬৫৩ | |
| | | ৫ | ৯৭ | রাস্তা | ০.৩৫০০ | ০.০৫৬৫ | |
| | | ১ | ৯৮ | খাল | ০.১৪০০ | ০.০৫৩ | |
| | | ১ | ১০০ | খাল | ০.২৭০০ | ০.০০৭৬ | |
| | | ১, ২ | ১০১ | মাঠ | ১.০৫০০ | ০.১০৮০ | |
| | | ১১৭২ | ১২৪ | মাঠ | ০.৪৮০০ | ০.০০৮৯ | |
| | | | | | মোট = | ০.৮৯৭৫ | |

অধিগ্রহণকৃত জমির মালিক/স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিগণের জন্য জ্ঞাতব্য-

১। উল্লিখিত জমির বাস্তব অবস্থা, স্থাপনা, অবকাঠামো ইত্যাদি ভিডিও/সরেজমিন তদন্ত করে মালিকানা/দখল ইত্যাদি তথ্য সম্বলিত যৌথ তদন্ত বহি প্রস্তুত করা হইবে। নির্ধারিত সময়ের উক্ত তদন্তকালে স্বয়ং বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি মারফত কাগজপত্র ও দলিলাদি (সার্টিফাইড/মুল কপি) উপস্থিত থাকুন এবং সঠিক তথ্য প্রদান করুন।

২। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে যৌথ তদন্ত তালিকা প্রস্তুত পূর্বক উহা প্রস্তাবিত অধিগ্রহণ এলাকার সুবিধাজনক স্থানে এবং নিকটস্থ ভূমি অফিসে লটকাইয়া দেওয়া হইবে। উহা দেখিয়া আপনি আপত্তি দিতে পারিবেন। আপনার নামে রেকর্ড হালনাগাদ/নামজারী না থাকিলে, অনতিলম্বে হালকরণ পূর্বক বকেয়া ভূমি উন্নয়ন কর পরিশোধ করিয়া দাখিলা/মওকুফ দাখিলা সংগ্রহ করুন। ইহা ক্ষতিপূরণ প্রাপ্তি স্বপক্ষে আপনার মালিকানা প্রমাণে সহায়ক হইবে।

৩। অবৈধভাবে লাভবান হওয়ার উদ্দেশ্যে জমির শ্রেণি পরিবর্তন, অবকাঠামো নির্মাণ করিতে পারিবেন না। এরূপ পরিবর্তন বা অবকাঠামো পরিবর্তন লিপিবদ্ধ করা হইবে না এবং আপনি ইহার জন্য কোন ক্ষতিপূরণ প্রাপ্ত হইবেন না।

৪। সকল ক্ষেত্রে নিজে বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে সরাসরি আবেদন করুন। ক্ষমতা প্রদানের জন্য নির্ধারিত ফরম ব্যবহার করুন। অনলাইনে আবেদন, ফরম ও পদ্ধতি জানার জন্য এ কার্যালয়ে ওয়েব সাইটে www.coxsbazar.gov.bd ভিজিট করুন।

ফরহাদ হোসেন
সার্ভেয়ার
ভূমি অধিগ্রহণ শাখা
কক্সবাজার।

মোঃ সাজ্জাদ হোসেন
সার্ভেয়ার
ভূমি অধিগ্রহণ শাখা
জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার।

সাবিহা তাসনিম
সার্ভেয়ার
ভূমি অধিগ্রহণ শাখা, কক্সবাজার।

জেলা প্রশাসকের পক্ষে
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা
তানভীর আহমদ
ভূমি অধিগ্রহন কর্মকর্তা
জেলা প্রশাসকের কার্যালয়
কক্সবাজার।